# সুষ্ঠু নির্বাচন করতে প্রধান উপদেষ্টার সক্ষমতায় বিএনপির আস্থা: রিজভী



সংগৃহীত ছবি

বিএনপি মনে করে প্রধান উপদেষ্টা চাইলে একটি গ্রহণযোগ্য ও সুষ্ঠু নির্বাচন আয়োজন করতে পারেন। তবে কিছু উপদেষ্টার আচরণ সেই প্রত্যাশার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় বলে মন্তব্য করেছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

সোমবার (২৪ নভেম্বর) দুপুরে জাতীয় প্রেস ক্লাবের সামনে নন-এমপিও শিক্ষকদের এমপিওভুক্তির দাবিতে চলমান আন্দোলনে সংহতি জানাতে গিয়ে এ কথা বলেন তিনি। রিজভী বলেন, নন-এমপিও শিক্ষকদের দাবি শতভাগ ন্যায্য, বিএনপি তাদের আন্দোলনের পাশে আছে।

বর্তমান অন্তর্বর্তী সরকারের সমালোচনা করে তিনি অভিযোগ করেন, সরকারের আচরণে মনে হচ্ছে তারা গরীব শিক্ষক সমাজকে নাগরিক হিসেবেও বিবেচনা করছে না।

উল্লেখ্য, টানা ২৩ দিন ধরে সম্মিলিত নন-এমপিও ঐক্যপরিষদের ব্যানারে দেশের প্রায় চার হাজার শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরা এমপিওভুক্তির দাবিতে আন্দোলন ও অনশন কর্মসূচি চালিয়ে যাচ্ছেন।

LENS ASIA